www.bb.org.bd

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার নং- ০৪

১২ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ ঃ -----------------------
২৬ মে, ২০১৯ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

Non-listed Securities-এ তফসিলি ব্যাংকসমূহের বিনিয়োগ সংক্রান্ত নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। পুঁজিবাজারে তালিকাভুক্ত নয় এমন সিকিউরিটিজসমূহে তফসিলি ব্যাংকের বিনিয়োগ ঝুঁকি গ্রহণযোগ্য মাত্রায় রাখার উদ্দেশ্যে তালিকাভুক্ত নয় এরূপ Equity Share, Non-convertible Cumulative Preference Share, Non-convertible Bond, Debenture, Open-end Mutual Fund-এ বিনিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণীয় হবে ঃ-

২.১ ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ২৬গ ধারার ব্যাখ্যাংশে যে অর্থে 'ব্যাংক সংশ্লিষ্ট কোন ব্যক্তি' -কে বুঝানো হয়েছে সেই অর্থে ব্যাংক সংশ্লিষ্ট কোন ব্যক্তির সাথে সম্পর্কিত এবং তালিকাভুক্ত নয় এরূপ Equity Share, Non-convertible Cumulative Preference Share, Non-convertible Bond, Debenture, Open-end Mutual Fund-এ কোন ব্যাংকের বিনিয়োগ বিআরপিডি সার্কুলার নং-০৪/২০১৪ এ সংজ্ঞায়িত 'আর্থিক লেনদেনের' অন্তর্ভুক্ত হবে এবং এরূপ কোন বিনিয়োগের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ২৬গ ধারার বিধান এবং উপর্যুক্ত বিআরপিডি সার্কুলারে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে।

২.২ ডিওএস সার্কুলার নং-০৩/২০১৯ এ বর্ণিত অবকাঠামোগত প্রকল্পসমূহে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক অনুমোদিত কোন SPV এর মাধ্যমে (Project Specific SPV) বিনিয়োগের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। এতদ্ভিন্ন অন্য কোন অ-তালিকাভুক্ত কোম্পানীর Equity Share -এ বিনিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা কার্যকর হবে-

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

(ক) ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ২৬ক(১) ধারা অনুসারে Equity Share-এর মোট ক্রয়মূল্য বিনিয়োগকারী ব্যাংকের আদায়কৃত মূলধন, শেয়ার প্রিমিয়াম, সংবিধিবদ্ধ সঞ্চিতি ও রিটেইন্ড আর্নিংস এর মোট পরিমাণের ৫ (পাঁচ) শতাংশের বেশি হবে না এবং ক্রয়কৃত শেয়ারের পরিমাণ সংশ্লিষ্ট কোম্পানীর আদায়কৃত মূলধনের ১০ (দশ) শতাংশের বেশি হবে না।

(খ) শেয়ার ক্রয়ের মাধ্যমে উক্ত কোম্পানীর উপর বিনিয়োগকারী ব্যাংকের পর্যাপ্ত নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়েছে বিবেচনায় প্রচলিত হিসাব রীতি অনুসারে Equity Method অনুসরণে আর্থিক বিবরণী প্রস্তুত করতে হবে।

(গ) দফা (ক) এ বর্ণিত শর্ত পরিপালন সাপেক্ষে প্রতি ইউনিট শেয়ারের ক্রয়মূল্য প্রযোজ্য ক্ষেত্রে প্রিমিয়ামসহ সংশ্লিষ্ট সময়ের NAV এর ১১০ (একশত দশ) শতাংশের বেশি হবে না।

২.৩ (ক) বিনিয়োগকৃত প্রেফারেন্স শেয়ার Non-convertible Cumulative হতে হবে।

(খ) Preference Share-এ বিনিয়োগ সংশ্লিষ্ট কোম্পানীর ক্ষেত্রে ব্যাংকের Single Borrower Exposure Limit এর অন্তর্ভুক্ত হবে।

(গ) Preference Share-এর মেয়াদ ৫ (পাঁচ) বছরের বেশি হবে না এবং সুদ/নগদ ডিভিডেন্ড-এর হার সুনির্দিষ্ট হতে হবে।

(ঘ) যে কোন হিসাববর্ষ শেষে নির্ধারিত সুদ/নগদ ডিভিডেন্ড পরিশোধিত না হলে সুদসহ আসল পরিমাণের উপর ২৫ (পঁচিশ) শতাংশ হারে প্রভিশন সংরক্ষণ করতে হবে। এরূপ ক্ষেত্রে দ্বিতীয় বছরের জন্য অতিরিক্ত ২৫ (পঁচিশ) শতাংশ এবং তিন বছর সুদ/নগদ ডিভিডেন্ড অপরিশোধিত থাকলে ১০০ (একশত) শতাংশ প্রভিশন সংরক্ষণ করতে হবে। এরূপ কোম্পানীকে খেলাপী হিসেবে প্রদর্শনের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর সংশ্লিষ্ট ধারার বিধান প্রযোজ্য হবে। Preference Share-এ বিনিয়োগ-কে ঋণ হিসেবে বিবেচনা করে সংশ্লিষ্ট ব্যাংক-কে প্রচলিত নিয়মানুসারে সিআইবি-তে রিপোর্ট করতে হবে।

২.৪ (ক) Public Sector Entity (PSE) ব্যতীত অন্যান্য Issuer কর্তৃক বিএসইসি-এর অনুমোদন সাপেক্ষে ইস্যুকৃত Non-convertible Bond বা Debenture-এ ব্যাংকের বিনিয়োগ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক অনুমোদিত কোন SPV বা সমজাতীয় তহবিলের মাধ্যমে (সমন্বিত বা Project Specific) সম্পাদিত হতে হবে।

(খ) PSE ব্যতীত অন্যান্য Issuer-এর ক্ষেত্রে Bond বা Debenture-এর মোট ইস্যুকৃত পরিমাণের ন্যূনতম ১০ (দশ) শতাংশের সমপরিমাণ একটি Sinking Fund থাকতে হবে এবং সংশ্লিষ্ট Issuer-এর প্রতি বছরের Revenue-এর অন্যূন ৩ (তিন) শতাংশ উক্ত ফান্ডে জমা করতে হবে। এরূপ Sinking

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

Fund পরিচালনার দায়িত্ব সংশ্লিষ্ট ট্রাস্টির উপর ন্যস্ত থাকার বিষয়টি বিনিয়োগকারী ব্যাংক নিশ্চিত করবে।

(গ) যে কোন হিসাববর্ষ শেষে নির্ধারিত সুদ পরিশোধিত না হলে সুদসহ আসল পরিমাণের উপর ২৫ (পঁচিশ) শতাংশ হারে প্রভিশন সংরক্ষণ করতে হবে। এরূপ ক্ষেত্রে দ্বিতীয় বছরের জন্য অতিরিক্ত ২৫ (পঁচিশ) শতাংশ এবং তিন বছর সুদ অপরিশোধিত থাকলে ১০০ (একশত) শতাংশ প্রভিশন সংরক্ষণ করতে হবে। এরূপ কোম্পানীকে খেলাপী হিসেবে প্রদর্শনের ক্ষেত্রে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর সংশ্লিষ্ট ধারার বিধান প্রযোজ্য হবে। Bond বা Debenture-এ বিনিয়োগকে ঋণ হিসেবে বিবেচনা করে সংশ্লিষ্ট ব্যাংক-কে প্রচলিত নিয়মানুসারে সিআইবি-তে রিপোর্ট করতে হবে।

২.৫ (ক) বিএসইসি কর্তৃক অনুমোদিত Open-end Mutual Fund বা Fund- সমূহে ব্যাংকের মোট বিনিয়োগ সংশ্লিষ্ট ব্যাংকের আদায়কৃত মূলধন, শেয়ার প্রিমিয়াম, সংবিধিবদ্ধ সঞ্চিতি ও রিটেইন্ড আর্নিংস এর মোট পরিমাণের ৫ (পাঁচ) শতাংশ এবং কোন একটি একক Mutual Fund-এর মোট ইউনিটের ১৫ (পনের) শতাংশের বেশি হবে না।

(খ) Open-end Mutual Fund-এর সম্ভাব্য মূল্যহ্রাসজনিত ক্ষতির বিপরীতে প্রভিশন সংরক্ষণের ক্ষেত্রে ২৮ জুন, ২০১৫ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১০ এর নির্দেশনা প্রযোজ্য হবে।

৩। Non-listed Securities-এ বিনিয়োগ সংক্রান্ত বিবরণী (ছক এতদসংযুক্ত) -এর সফট কপি ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিল করতে হবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ রেজাউল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোন নং ঃ ৯৫৩০০৯৩

Statement Regarding Total Investment in Non-listed Securities
(To be submitted within the 10th of the following month at the quarter end)

BANK NAME

DATE **(DD/MM/YY)**

SL	Cost Price of Investment in Non-listed securities (in crore Taka)	
	Components	**Amount**
A	**EQUITY SHARE**	
B	**NON-CONVERTIBLE CUMULATIVE PREFERENCE SHARE**	
C	**NON-CONVERTIBLE BOND/DEBENTURE**	
D	**OPEN-END MUTUAL FUND**	
	TOTAL	

Certified that the above information is correct.

Signature:
Name:
Designation:
ID No.
Phone:
Cell no.
E-mail:
Fax no.

(Figure in Thousand Tk.)

INVESTMENT IN EQUITY SHARE OF NON-LISTED COMPANIES

BANK NAME

DATE **(DD/MM/YY)**

SL	Capital of the banking Company				Investee Company			Face Value	Total no. of Shares Purchased	Cost Price (per unit)	Total Cost Price	% of Shares Purchased to Total issued Shares of the Company (TH Limit <=10%)	% of Cost Price of shares to Total Capital Components of the banking Company (TH Limit<=5%)
	Paid up	Statutory Reserve	Retained Earnings	Share Premium	Name	Paid up Capital	No. of share issued						
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**	**8**	**9**	**10**	**11**	**12**	**13=10/8**	**14=12/(2+3+4+5)**
TOTAL													

(Figure in Thousand Tk.)

INVESTMENT IN NON-CONVERTIBLE CUMULATIVE PREFERENCE SHARE

BANK NAME

DATE **(DD/MM/YY)**

SL	Name of the Company	Tenor of Investment (Years)	Investment Amount	Dividend/Interest (%)	Cumulative Dividend/Interest (if any)	Last date of Dividend/Interest paid (DD/MM/YY)	Amount of Dividend/Interest Paid at the last Payment Date	Provision Maintained (if required)
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**	**8**	**9**
TOTAL								

(Figure in Thousand Tk.)

INVESTMENT IN NON-CONVERTIBLE BOND/DEBENTURE (NON-LISTED)

BANK NAME

DATE **(DD/MM/YY)**

SL				Coupon Payment (Semi-annual/Annual)	Coupon Rate (%)	Balance of the Sinking Fund	Coupon Payment Date (DD/MM/YY)	Date of last Coupon Payment	Outstanding Coupon amount
	Name of the Issuer	Name of the Bond/Debenture	Total Size of the Issue						
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**	**8**	**9**	**10**
TOTAL									

(Figure in Thousand Tk.)

INVESTMENT IN OPEN-END MUTUAL FUND

BANK NAME

DATE **(DD/MM/YY)**

SL	Capital of the banking Company				Mutual Fund			Number of Units Purchased	Total Cost Price	No. of Units Purchased as a % of No. of unit issued	Total Cost Price as % of Total Capital Components
	Paid up	Statutory Reserve	Retained Earnings	Share Premium	Name	No. of Units issued	Face Value (per Unit)				
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**	**8**	**9**	**10**	**11=9/7**	**12=10/(2+3+4+5)**
TOTAL											